

Pre-K এর জন্য প্রয়োজনীয় নথি

কোভিড-19 এর কারণে, স্কুল না খোলা অবধি ভর্তি প্রক্রিয়া বদলে অনলাইনে রেজিস্ট্রেশন প্রক্রিয়া চালু করা হয়েছে। এখন সমস্ত নথি **অনলাইনে** নেয়া হবে। আপনি আমাদের স্কুলের রেজিস্ট্রেশনের ভারপ্রাপ্ত কর্মীকে সমস্ত নথি ইমেল করতে পারেন। আপনার স্কুলের রেজিস্ট্রেশনের ভার কার উপর রয়েছে, সেই নিয়ে আপনি নিশ্চিত না হলে, অনুগ্রহ করে আপনার স্থানীয় স্কুলে যোগাযোগ করুন।

- **জন্মের প্রমাণ (1 সেপ্টেম্বর, 2020 বা তার আগে আপনার বাচ্চার বয়স চার বছর হওয়া আবশ্যিক)**
মূল প্রত্যায়িত বার্থ সার্টিফিকেট, জন্মকালীন হাসপাতালের রেকর্ড, গ্রিন কার্ড, পিঙ্ক কার্ড বা ফেডারেল I-94 কার্ড; বা সন্তানের পাসপোর্ট (এসব নথির কপি গ্রহণ করা হয় না)।
- **আইনি অভিভাবকত্বের প্রমাণ (প্রযোজ্য হলে)**
কেবল আপনার নাম সন্তানের বার্থ সার্টিফিকেটে না থাকলে প্রয়োজন হবে।
- **বাবা-মা/অভিভাবকত্বের প্রমাণ**
জর্জিয়ার ড্রাইভিং লাইসেন্স বা বৈধ মার্কিন পাসপোর্ট আইডি'র মতো স্টেট বা সরকার কর্তৃক জারিকৃত বৈধ ফটো আইডি।
- **বাবা-মা/অভিভাবকের জর্জিয়া রেসিডেন্সি'র প্রমাণ***
আপনার নামে বন্ধক বা ইজারা/ভাড়া চুক্তি, বা বৈদ্যুতিক, গ্যাস, বা পানির বিল, কেবল ও ফোনের বিল গ্রহণযোগ্য নয়।

*যে সকল শিক্ষার্থী বাবা-মা বা আইনি অভিভাবকের সঙ্গে থাকে, কিন্তু অন্য কোনো প্রাপ্তবয়স্কের বাসায় বসবাস করেন এবং DeKalb কাউন্টির স্কুলে ভর্তি হতে চান, তাদেরকে অবশ্যই বাসস্থানের হলফনামার ফরম পূরণ করতে হবে।

অনুগ্রহ করে মনে রাখবেন: এই কোভিড-19 এর জন্য বন্ধের সময়, পরিবারেরা নিম্নলিখিত নির্দেশিকা মেনে বাসস্থানের হলফনামা পূরণ করে ও স্বাক্ষর করে সেই ফরমটি আপলোড করতে পারে:

1. বাবা-মা/অভিভাবককে অবশ্যই ফরমের 2 ও 3 নং সম্পূর্ণ করে নোটারি করাতে হবে।
2. বাসার মালিককে অবশ্যই ফরমের 4 নং পাতা সম্পূর্ণ করে সই করতে হবে। 4 নং পাতাটি স্কুলের আধিকারিকের উপস্থিতিতে স্বাক্ষর করার দরকার **নেই**।
3. এইবার 5 নং পাতাটি সম্পূর্ণ করার দরকার **নেই**।
4. স্কুলের ভারপ্রাপ্ত কর্মীকে ইমেলের মাধ্যমে সম্পূর্ণ করা ফরমটি (এবং বাসস্থানের প্রমাণের জন্য অন্যান্য সমস্ত প্রয়োজনীয় নথি) জমা দিন। আপনার স্কুলের রেজিস্ট্রেশনের ভার কার উপর রয়েছে, সেই নিয়ে আপনি নিশ্চিত না হলে, অনুগ্রহ করে স্কুলে যোগাযোগ করুন।

কোভিড-19 এর কারণে, স্কুল না খোলা অবধি ভর্তির সমস্ত নথি অনলাইনে গ্রহণ করা হবে।

- **সন্তানের মূল সোশ্যাল সিকিউরিটি কার্ড বা "ছাড়"**
ছাড়ের প্রয়োজন হলে রেজিস্ট্রেশন প্রক্রিয়া চলাকালে আপনাকে তা প্রদান করা হবে।
- **বাচ্চার পিচকেয়ার কার্ড, Medicaid কার্ড, স্বাস্থ্য বিমা কার্ড, EBT কার্ড (ফুড স্ট্যাম্প) এবং / অথবা TANF (প্রযোজ্য হলে)**
- **টিকাদানের সনদ (3231)**
- **দৃষ্টি, শ্রবণ, পুষ্টি এবং দাঁত পরীক্ষার সনদ (3300)**
- **কোভিড-19 এর কারণে, 3231 নথি জমা দেয়ার জন্য বাবা-মা/অভিভাবকরা 30 দিন পাবেন এবং স্কুলের ভারপ্রাপ্ত কর্মীকে 3300 নথি ইমেল করার জন্য 90 দিন পাবেন।**

Pre-K আসন নির্ধারণ প্রয়োজনীয় নথির বৈধতার উপর নির্ভরশীল।